ইত্তেফাক

তারিখ ৮।৯।৮১
পৃষ্ঠা ........ কলাম ........

040

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (মঙ্গলবার) আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। নিরক্ষরতার অভিশাপ দূর করিবার আদর্শ সামনে রাখিয়া প্রতি বৎসর ৮ই সেপ্টেম্বর পৃথিবীর দেশে দেশে দিবসটি পালন করা হয়। এই উপলক্ষে আজ অপরাহ্ণ ৫টায় শিল্পকলা একাডেমীতে বাংলাদেশ সাক্ষরতা সমিতির জাতীয় সম্মেলন অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার অনুষ্ঠানে প্রধান অতিথি থাকিবেন। বাংলাদেশ পরিষদ, মসজিদ মিশনসহ কয়েকটি সামাজিক-সাংস্কৃতিক প্রতিষ্ঠান দিবসটি পালনের জন্য কর্মসূচী গ্রহণ করিয়াছে।